



### চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

#### ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার অনলাইনে আবেদন প্রক্রিয়াঃ

|    |   |
|----|---|
| ১. | আবেদনকারীকে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল কার্যাবলী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট <a href="https://admission.cu.ac.bd">https://admission.cu.ac.bd</a> এর মাধ্যমে করতে হবে। এ ওয়েবসাইটে আবেদনকারী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল ইউনিট/উপ-ইউনিট এর ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, নোটিশ এবং লিঙ্কসমূহ দেখতে পাবেন। যে কোন ইউনিট/উপ-ইউনিটে আবেদন করার পূর্বে ভর্তি সংক্রান্ত নির্দেশিকা ভালো করে পড়ে নিন। এছাড়াও অনলাইনে প্রতি পেইজের নির্দেশাবলি পড়ে নিন।   |
| ২. | যে কোন ইউনিট/উপ-ইউনিটে ভর্তির আবেদন করার জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে গিয়ে ‘Register’ বাটনে ক্লিক করে আবেদনকারীর উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার বোর্ডের নাম, রোল নম্বর ও পাসের সন এবং মাধ্যমিক বা সমমান পরীক্ষার বোর্ডের নাম, রোল নম্বর ও পাসের সন প্রদান করার ফর্ম দেখতে পাবেন। তথ্যগুলো সঠিক ভাবে পূরণ করে ‘Submit’ বাটনে ক্লিক করতে হবে।   |
| ৩. | ‘Submit’ বাটনে ক্লিক করার পর আবেদনকারীর তথ্যসমূহ সঠিক এবং যেকোনো ইউনিট/উপ-ইউনিটে আবেদনের যোগ্য হলে পরবর্তী পেইজে আবেদনকারীর ব্যক্তিগত মোবাইল নম্বর সঠিকভাবে প্রদান করতে হবে। তারপর “Send Confirmation Code” বাটনে ক্লিক করলে আবেদনকারীর মোবাইলে একটি Confirmation Code” পাবেন। <b>উল্লেখ্য যে, আবেদনের সময় যেই মোবাইল নম্বর ব্যবহার করা হবে তা অবশ্যই শিক্ষার্থীর মোবাইল নম্বর হতে হবে। উক্ত মোবাইল নম্বরে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল নোটিফিকেশন/মেসেজ বিশ্ববিদ্যালয় থেকে প্রেরণ করা হবে।</b>  |
| ৪. | Confirmation Code প্রদান করে ‘Verify Code’ বাটনে ক্লিক করার পর Confirmation Code টি সঠিক হলে আবেদনকারীর একটি “প্রোফাইল” তৈরি হবে এবং আবেদনকারীর মোবাইলে “UserID” ও “Password” পাঠানো হবে। ভবিষ্যতে ভর্তি সংক্রান্ত যাবতীয় অনুসন্ধান/কার্যাদির জন্য আপনার “UserID” ও “Password” সংরক্ষণ করুন।   |
| ৫. | মোবাইলে প্রাপ্ত “UserID” ও “Password” দিয়ে ভর্তির ওয়েবসাইটে “Log In” করলে আবেদনের মূল পেইজে যাবে, সেখানে আবেদনের তথ্যাবলি প্রদর্শিত হবে। আবেদনকারীর যদি কোন কোটা থাকে এবং তিনি সেটা আবেদনে যুক্ত করতে চান তাহলে তার প্রোফাইলের “Personal” ট্যাবে কোটা যুক্ত করার অপশন থেকে তার কাক্ষিত এক বা একাধিক কোটা যুক্ত করতে পারবেন।   |
| ৬. | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা চট্টগ্রাম (চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস ও অন্যান্য নিকটস্থ কেন্দ্র), ঢাকা (ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস) এবং রাজশাহী বিভাগীয় শহরে (রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস) একই সময় ও তারিখে অনুষ্ঠিত হবে। তবে B1, B2 এবং D1 উপ-ইউনিটের পরীক্ষা শুধুমাত্র চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। কোন আবেদনকারী কোন বিভাগীয় শহরে পরীক্ষা দিতে ইচ্ছুক; স্ব স্ব ইউনিট/উপ-ইউনিটে আবেদন করার সময় ১ম, ২য় ও ৩য় পছন্দের অপশন সঠিকভাবে নির্বাচন করতে হবে।  |
| ৭. | আবেদনকারীকে তার প্রোফাইলের নির্দিষ্ট অংশে গিয়ে সঠিক মাপের (Size: 150KB; Resolution: 300x300 pixels) সদ্য তোলা একটি স্পষ্ট ফরমাল ছবি (চেহারা অনাবৃত) আপলোড করবেন। তারপর “Question Language” এ ক্লিক করে পরীক্ষার প্রশ্নপত্রের ভাষা নির্বাচন করবেন। তারপর “Dominant Hand” এ ক্লিক করে লিখার জন্য যে হাত ব্যবহার করবেন সে হাত নির্বাচন করবেন। <b>যে সকল আবেদনকারীর জন্য কোটা প্রযোজ্য তারা সংশ্লিষ্ট কোটা সিলেক্ট করবেন।</b> তারপর “Save Profile” এ ক্লিক করলে আবেদনকারীর প্রোফাইল তৈরী সম্পন্ন হবে। উল্লেখ্য যে, প্রোফাইল তৈরী সম্পন্ন না হলে আবেদনকারী কোন ইউনিট/উপ-ইউনিটে আবেদন করতে পারবে না। |
| ৮. | আবেদনকারী তার প্রোফাইল এ “Application” ট্যাবে ক্লিক করে কোন কোন ইউনিট/উপ-ইউনিটে তিনি আবেদনের যোগ্য তার একটি তালিকা থেকে আবেদনকারী যে ইউনিট/উপ-ইউনিটে আবেদন করতে ইচ্ছুক সেই ইউনিট/উপ-ইউনিটটি “Select” করবেন।   |
| ৯. | আবেদনকারী যে ইউনিটের “Apply” বাটনে ক্লিক করবেন সেই ইউনিটের জন্য একটি “Bill Number” পাবেন। বিকাশের মাধ্যমে আবেদন ফি পরিশোধের ক্ষেত্রে নিম্নে বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করুন। উল্লেখ্য যে বিকাশের ফি পরিশোধের ক্ষেত্রে “Bill Number” স্বয়ংক্রিয়ভাবে যুক্ত হয়ে যাবে। এভাবে প্রতি ইউনিট/উপ-ইউনিটের ক্ষেত্রে একই পদ্ধতি অনুসরণ করে আবেদন করতে হবে।   |

## বিকাশ এর মাধ্যমে আবেদন ফি (১০০০/-) প্রদান করার প্রক্রিয়া

১ম ধাপে বিকাশ লোগোতে ক্লিক করুন

২য় ধাপে বিকাশ একাউন্ট নাম্বার লিখুন

To pay, click on the following MFO



UNIVERSITY OF CHITTAGONG - ADMISSIO  
N-RM62464  
Inv No: 61003002

৳1000.00

Your bKash Account Number

e.g 01XXXXXXXX

Confirm and proceed, [terms & conditions](#)

Cancel

Confirm

16247

© 2025 bKash, All Rights Reserved

৩য় ধাপে প্রাপ্ত ভেরিফিকেশন কোড দিন

৪র্থ ধাপে আপনার বিকাশ পিন নাম্বার দিন



UNIVERSITY OF CHITTAGONG - ADMISSIO  
N-RM62464  
Inv No: 61003002

৳1000.00

Enter verification code sent to 017 \*\* \*\*\* 352

Enter 6 digit code

Resend Code in 28s

Cancel

Confirm

16247

© 2025 bKash, All Rights Reserved



UNIVERSITY OF CHITTAGONG - ADMISSIO  
N-RM62464  
Inv No: 91003002

৳1000.00

Enter PIN of your bKash account number  
(017 \*\* \*\*\* 352)

Enter PIN

Cancel

Confirm

16247

© 2025 bKash, All Rights Reserved

৫ম ধাপে বিকাশ ট্রানজেকশন সম্পন্ন হচ্ছে। দয়া করে অপেক্ষা করুন



Verification Successful  
Redirecting to Merchant Website in 3s

16247

© 2025 bKash, All Rights Reserved

৬ষ্ঠ ধাপে আপনাকে ভর্তির প্রোফাইলে ফেরত নেওয়া হচ্ছে, এ পর্যায়ে নিচের লেখার অনুরূপ মেসেজ দেখতে পাবেন...


Processing through BKash Payment Gateway => **BKash payment has been successfully completed.**

Redirecting to your profile page within **3s**.


|     |   |
|-----|---|
| ১০. | রকেটের মাধ্যমে আবেদন ফি পরিশোধের ক্ষেত্রে নিম্নে বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করুন। এক্ষেত্রে Bill Number টি ব্যবহার করে Mobile Financial Service Operator 'রকেট' এর মাধ্যমে আবেদনকারীকে ঐ ইউনিট/উপ-ইউনিটের জন্য আবেদন ফি জমা দিতে হবে। এভাবে প্রতি ইউনিট/উপ-ইউনিটের ক্ষেত্রে একই পদ্ধতি অনুসরণ করে আবেদন করতে হবে। |
|-----|---|

### ‘রকেট অ্যাপস’ এর মাধ্যমে আবেদন ফি (১০০০/-) প্রদান করার প্রক্রিয়া


অবশ্যই লক্ষ্য রাখতে হবে যে পেমেন্ট CU Admission (2200) হিসাবে জমা হচ্ছে, অন্যথায় আবেদন খাতে টাকা জমা হবে না, এবং আবেদন প্রক্রিয়া সম্পন্ন হবে না।



## রকেট - অ্যাপ এর মাধ্যমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদন ফি পেমেন্ট পদ্ধতি




**ধাপ-১**




মোবাইল নাম্বার ও পিন দিয়ে রকেট অ্যাপ এ লগ ইন করুন

**ধাপ-২**




Bill Pay অপশন সিলেক্ট করুন

**ধাপ-৩**




'Search Biller' -এ '2200' অথবা 'CU Admission' লিখে বিলার সিলেক্ট করুন

**ধাপ-৪**




'Bill No' দিয়ে ফি বিলের জন্য হলে 'Self' অন্যর হলে 'other' অপশন সিলেক্ট করে তার মোবাইল নম্বর দিন এবং 'VALIDATE' করুন।

**ধাপ-৫**




নাম এবং টাকার পরিমাণ নিশ্চিত হয়ে 'OK' দিন

**ধাপ-৬**



আপনার পিন নাম্বার প্রদান করে চিহ্ন সংবলিত অপশন চেসে রাখুন এবং পেমেন্ট নিশ্চিত করুন

**ধাপ-৭**



উবিষয়্য ব্যবহারের জন্য প্রমাণস্বরূপ এই রিসিপ্টটি সংরক্ষণ করুন


**প্রয়োজনে কল করুনঃ ১৬২১৬ নাম্বারে**

|     |   |
|-----|---|
| ১১. | এছাড়া পরবর্তীতে আবেদনকারীর প্রোফাইলে লগইন করে তার আবেদনকৃত সকল ইউনিট/উপ-ইউনিটের ভর্তি পরীক্ষার আসন বিন্যাস এবং ইউনিট ভিত্তিক ফলাফল জানতে পারবেন।   |
| ১২. | ভর্তি পরীক্ষা শুরু হবার ১ (এক) ঘন্টা পূর্ব পর্যন্ত আবেদনকারীর প্রোফাইল হতে সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড ও সংগ্রহ করতে পারবেন।  |
| ১৩. | আবেদনকারীকে প্রবেশপত্রের নির্দেশাবলীতে উল্লিখিত কাগজপত্র নিয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।   |
| ১৪. | <p>GCE (O Level &amp; A Level) অথবা সমমানের বিদেশী সার্টিফিকেটধারী আবেদনকারীকে Equivalence করার জন্য নিম্নোক্ত প্রয়োজনীয় ডকুমেন্টসহ আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:</p> <p>১) সমতা নিরূপণ ও সনদ ফি হিসেবে ১০০০/- (এক হাজার) টাকা রকেট এ্যাপ ব্যবহার করে প্রদান করতে হবে।</p> <p><b>পেমেন্ট করার নিয়ম:</b> Rocket App এ প্রবেশ করে Bill pay অপশনে গিয়ে Search Biller এর স্থানে বিলার আইডি 5290 লিখে সার্চ দিয়ে Category-তে বিলার নেম CU GCE সিলেক্ট করবে। অতপর Bill No এর জায়গায় আবেদনকারীর ই-মেইল এড্রেস লিখতে হবে। Amount এর জায়গায় ১০০০/- (এক হাজার) টাকা লিখে Submit এ ক্লিক করে পরবর্তী স্ক্রীনে গিয়ে Rocket Pin Number দিয়ে রকেট লোগোর উপর ট্যাপ করে পেমেন্ট সম্পন্ন করবে। সর্বশেষ Bill Receipt এ ক্লিক করে সেভ করবে (Bill Payment Receipt এর একটি স্ক্রিনশট নিতে হবে)।</p> <p>২) আবেদনকারীর ই-মেইল এড্রেস হতে চবি সমতা কমিটির gce@cu.ac.bd ই-মেইলে নিম্নে বর্ণিত ডকুমেন্টগুলো স্ক্যান করে পাঠাতে হবে:</p> <p>a) O Level এর (i) Statement of Entry (ii) গ্রেডশীট/মার্কশীটসমূহ এবং (iii) সার্টিফিকেট</p> <p>b) A Level এর (i) Statement of Entry (ii) গ্রেডশীট/মার্কশীটসমূহ এবং (iii) সার্টিফিকেট</p> <p>c) আবেদনকারীর জন্মনিবন্ধন অথবা পাসপোর্টের ব্যক্তিগত তথ্য সম্বলিত পৃষ্ঠা অথবা এনআইডি</p> <p>d) আবেদনকারীর রকেট এ্যাপ দিয়ে প্রদত্ত ফি এর Bill Payment Receipt এর স্ক্রিনশট</p> <p>e) আবেদনকারীর পাসপোর্ট সাইজের একটি ছবি</p> <p>সকল ডকুমেন্ট একক ফাইল container (যেমন: zip/tar/pdf ইত্যাদি) হিসাবে প্রেরণ করার পরামর্শ দেয়া যাচ্ছে।</p> <p>সমতা নিরূপণের পর একটি সমতা নিরূপণ সনদপত্র আবেদনকারীর ই-মেইলে প্রেরণ করা হবে যাতে Equivalent ID উল্লেখ থাকবে। অতঃপর ভর্তি নির্দেশিকায় উল্লিখিত যথাযথ নিয়ম অনুসরণ করে Equivalent ID ব্যবহার করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।</p> |
| ১৫. | GCE (O Level & A Level) ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বিদেশী সার্টিফিকেটধারীদের সমতা নির্ধারণ কমিটি কর্তৃক প্রদত্ত Equivalent ID ভর্তির ওয়েবসাইটে প্রবেশের সময় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক রোল নম্বরের স্থানে ব্যবহার করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড এর স্থলে Other নির্বাচন করে যথাযথ নিয়মে নির্দিষ্ট সময়ে আবেদন ফি জমা দিয়ে আবেদন ফি জমা দেয়ার রশিদ সংগ্রহ করতে হবে।  |
| ১৬. | <p>আবেদনকারীর প্রোফাইলে লগইন করে ৩০০/- (তিনশত) টাকা ফি প্রদান সাপেক্ষে (‘রকেট’ অ্যাপস এর মাধ্যমে) ছবি/কোটা/প্রশ্নপত্রের ভাষা/লেখনীর হস্ত/মোবাইল নম্বর সংশোধন করা যাবে। তাছাড়া, ভর্তি পরীক্ষা সংক্রান্ত কোন ডকুমেন্টের ডুপ্লিকেট কপি নেয়ার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিটি সার্ভিস এর জন্য ৩০০/- (তিনশত) টাকা ফি পরিশোধ করতে হবে।</p> <p>ছবি/কোটা/প্রশ্নপত্রের ভাষা/লেখনীর হস্ত/মোবাইল নম্বর পরিবর্তনের প্রয়োজন হলে প্রোফাইলের “Personal” ট্যাবে “Request to Change” বাটনে ক্লিক করে নির্ধারিত ফি প্রদান করে পরিবর্তন করা যাবে। প্রযোজ্য সংশোধনী সম্পন্ন করার পর অবশ্যই Save Profile বাটনে ক্লিক করতে হবে। অন্যথায় আবেদনকারীর প্রোফাইল সম্পূর্ণ হবে না।</p>   |




## ‘রকেট অ্যাপস’ এর মাধ্যমে সংশোধন ফি (৩০০/-) প্রদান করার প্রক্রিয়া


অবশ্যই লক্ষ্য রাখতে হবে যে পেমেন্ট CU ICT (2080) হিসাবে জমা হচ্ছে, অন্যথায় সংশোধন ফি খাতে টাকা জমা হবে না।



### রকেট - অ্যাপ এর মাধ্যমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদন সংশোধন ফি পেমেন্ট পদ্ধতি




**ধাপ-১**




মোবাইল নাম্বার ও পিন  
দিয়ে রকেট অ্যাপ  
এ লগ ইন করুন

**ধাপ-২**




Bill Pay  
অপশন সিলেক্ট করুন

**ধাপ-৩**




“Search Bill”-এ  
‘2080’ অথবা ‘CU ICT’  
লিখে বিলার সিলেক্ট করুন

**ধাপ-৪**




‘Bill No’ দিয়ে ফি নিজের জন্য  
হলে ‘Self’ অন্যের হলে ‘other’  
অপশন সিলেক্ট করে তার  
মোবাইল নম্বর দিন এবং ‘VALI-  
DATE’ করুন।

**ধাপ-৫**




নাম এবং টাকার পরিমাণ  
নিশ্চিত হয়ে ‘OK’ দিন

**ধাপ-৬**



আপনার পিন নাম্বার প্রদান  
করে  
চিহ্ন সংবলিত অপশন  
চেপে রাখুন এবং পেমেন্ট  
নিশ্চিত করুন

**ধাপ-৭**



ভবিষ্যৎ ব্যবহারের জন্য  
প্রমাণস্বরূপ এই রিসিটটি  
সংরক্ষণ করুন

**প্রয়োজনে কল করুনঃ ১৬২১৬ নাম্বারে**

[বিঃ দ্রঃ প্রত্যেক ইউনিট/উপ-ইউনিটের জন্য আলাদা আলাদা ভাবে আবেদন সংশোধন ফি প্রদান করার প্রয়োজন নেই। তবে একাধিকবার বা একাধিক বিষয় সংশোধনের ক্ষেত্রে আলাদা আলাদা ভাবে সংশোধন ফি প্রদান করতে হবে।]